MAHAVIDYALAYA ESTD.-1947 CENTRAL LIBRARY

## West Bengal State University

### B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

### Part – I

# PHILOSOPHY — HONOURS

## Paper - I

Duration : 4 Hours [ Maximum Marks : 100

*The figures in the margin indicate full marks.*

Answer Question Nos. **1** & **2** and any *four* from the rest ( within 600 words ).

১ নং এবং ২ নং প্রশ্নের উত্তর দিন এবং অবশিষ্ট প্রশ্নগুলি থেকে যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন ( ৬০০ শব্দের মধ্যে ) ।

1. Answer any *ten* questions ( within *two* sentences ) : 10 × 2 = 20

যে কোন দশটি প্রশ্নের উত্তর দিন ( দুটি বাক্যের মধ্যে ) ঃ

a) State the meaning of *Ṛṇa* and name its different types.

'ঋণ' শব্দের অর্থ লিখুন এবং এর বিভিন্ন প্রকারগুলির নাম উল্লেখ করুন ।

b) Which of the schools of Indian philosophy do not admit God as the creator of world but still included in orthodox systems ?

ভারতীয় দর্শনের কোন্ কোন্ সম্প্রদায় জগৎস্রষ্টা রূপে ঈশ্বর স্বীকার করেন না অথচ আস্তিক দর্শনের অন্তর্ভুক্ত ?

c) What are the three jewels in Jaina philosophy ?

জৈন দর্শনের ত্রিরত্ন কোন্গুলি ?

d) What is meant by 'Jaina' ? Name the first and last *Tirthankaras* of the Jaina system.

'জৈন' বলতে কি বোঝায় ? জৈন সম্প্রদায়ের প্রথম এবং শেষ তীর্থঙ্করের নাম লিখুন ।

e) Name the Realistic and Idealistic schools of Buddhism.

বৌদ্ধ দর্শনের বস্তুবাদী ও ভাববাদী সম্প্রদায়গুলির নাম উল্লেখ করুন ।

f) What is *Parāmarśa* according to the Naiyāyikas ?

নৈয়ায়িকদের মতে পরামর্শ কি ?

g) What, according to the Vaiśeṣikas, are the different types of *Karma* ?

বৈশেষিক মতে কর্মের বিভিন্ন প্রকারগুলি কি কি ?

h) What is *Cittabhumi* ? State different kinds of Cittabhumi admitted in Yoga philosophy.

চিত্তভূমি কি ? যোগ দর্শনে স্বীকৃত বিভিন্ন প্রকার চিত্তভূমি উল্লেখ করুন ।

i) What is *Yogyānupalabdhi* ?

যোগ্যানুপলব্ধি কি ?

j) What is the meaning of the term *'anirvacanīya'* in Sānkara Vedanta philosophy ?

শঙ্করবেদান্ত দর্শনে 'অনির্বচনীয়' পদের অর্থ কি ?

k) Why is Rāmānuja philosophy called *Viśiṣṭādvaitavāda* ?

রামানুজ দর্শনকে 'বিশিষ্টাদ্বৈতবাদ' বলা হয় কেন ?

l) Why is Yoga philosophy known as *'Svesvara sāṁkhya'* ?

যোগ দর্শনকে 'স্বেশ্বর সাংখ্য' বলা হয় কেন ?

m) "Absence can be known by perception and absence can be known by anupalabdhi." — Who are the proponents of these two views ?

"অভাব প্রত্যক্ষ প্রমাণগম্য এবং অভাব অনুপলব্ধিগম্য" — এই দুই অভিমত কোন্ সম্প্রদায়ের ?

n) What is *ākasmikatāvāda* ?

আকস্মিকতাবাদ কি ?

o) What sort of contact is required in perception of Śabdatva Jati ?

শব্দত্ব জাতির প্রত্যক্ষে কোন্ সন্নিকর্ষ প্রয়োজন ?

p) Why is *Viśeṣatva* not a *jāti* ?

বিশেষত্ব জাতি নয় কেন ?

q) What are the twenty-five evolutes as stated in the Sānkhya philosophy ?

সাংখ্য দর্শনে উল্লিখিত পঞ্চবিংশতি তত্ত্বগুলি কি কি ?

r) State the functions of the three guṇas as admitted in Sāṅkhya philosophy.

সাংখ্য দর্শনে স্বীকৃত গুণত্রয়ের ক্রিয়াগুলি বিবৃত করুন ।

s) What is the *Citta* according to Yoga philosophy ?

যোগ দর্শন মতে চিত্ত কি ?

t) What are the five avayavas of a Pañcāvayavi Nyāya ?

পঞ্চাবয়বী ন্যায়ের পাঁচটি অবয়ব কি কি ?

MAHAVIDYALAYA Estd.-1947 CENTRAL LIBRARY

2. Answer any *four* questions ( within 150 words ) : 4 × 5 = 20

যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন ( ১৫০ শব্দের মধ্যে ) ঃ

a) Give a brief account of Cārvāka Dehātmavāda.

চার্বাক দেহাত্মবাদ সংক্ষেপে আলোচনা করুন ।

b) What is arthāpatti ? Why do the Mīmāṃsakas admit arthāpatti as a distinct pramāna ?

অর্থাপত্তি কাকে বলে ? মীমাংসকরা অর্থাপত্তিকে একটি পৃথক প্রমাণ রূপে স্বীকার করেন কেন ?

c) Distinguish between Saguṇa Brahman and Nirguṇa Brahman.

সগুণ ব্রহ্ম ও নির্গুণ ব্রহ্মের পার্থক্য দেখান ।

d) What is *Syadvāda* ? Is Syadvāda a form of scepticism ?

স্যাদ্‌বাদ কি ? স্যাদ্‌বাদ কি এক প্রকার সংশয়বাদ ?

e) Discuss the different *Jātibādhakas* admitted in Vaisesika philosophy with suitable examples.

বৈশেষিক দর্শনে স্বীকৃত বিভিন্ন প্রকার জাতিবাধক উপযুক্ত উদাহরণসহ আলোচনা করুন ।

f) Discuss Bauddha Nairātmavāda.

বৌদ্ধ নৈরাত্ম্যবাদ আলোচনা করুন ।

g) Enumerate the different types of laukika Sannikarṣa with examples. ( Nyāya view )

দৃষ্টান্তসহ ন্যায়সম্মত বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষের উল্লেখ করুন ।

h) What is 'Sattātraividhyavāda' ? Briefly narrate its varieties after Advaitā Vedānta philosophy.

'সত্তাত্রৈবিধ্যবাদ' কি ? অদ্বৈত বেদান্ত মতানুসারে এর প্রকারগুলির সংক্ষিপ্ত বিবরণ দিন ।

3. How is the Cārvāka metaphysics deduced from its epistemology ? Discuss critically. 15

চার্বাক জ্ঞানতত্ত্ব থেকে কিভাবে তাদের আধিবিদ্যক তত্ত্ব নিঃসৃত হয়েছে সে বিষয়ে সবিচার আলোচনা করুন ।

4. Discuss Bauddha Kṣṇabhangavāda. Is it tenable ? 10 + 5

বৌদ্ধ ক্ষণভঙ্গবাদ আলোচনা করুন । এটি কি যুক্তিসঙ্গত ?

5. Explain the Jaina view that "every object has infinite number of qualities". Is this view a form of relativism ? 10 + 5

"প্রতিটি বস্তুই অনন্ত ধর্মবিশিষ্ট" — এই জৈন মতটি ব্যাখ্যা করুন । এই মতটিকে কি আপেক্ষিকতাবাদ বলা যায় ?

6. Determine the relation of *Parāmarśa* and Vyāpti to *Anumiti*. How is *Vyāpti* ascertained ? 8 + 7

অনুমিতির সঙ্গে পরামর্শ ও ব্যাপ্তির সম্পর্ক কি ? ব্যাপ্তি কিভাবে প্রতিষ্ঠিত হয় ?

7. Discuss 'Aṣtānga Yoga' and different stages of Samādhi after Yoga philosophy. 9 + 6

যোগ দর্শন অনুসারে 'অষ্টাঙ্গ যোগ' এবং সমাধির বিভিন্ন প্রকারগুলি আলোচনা করুন ।

8. What do the Vaiśeṣikas mean by abhāva ? How many types of abhāva are accepted in Vaiśeṣika theory ? Explain with suitable examples. How is abhāva known ? 4 + 9 + 2

বৈশেষিক দর্শনে অভাব কাকে বলে ? বৈশেষিক মতে অভাব কয় প্রকার ? উপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করুন । অভাব কিভাবে জানা যায় ?

9. "The effect is pre-existent in its material cause." What is the technical name of this view ? What are the arguments in favour of this view ? 2 + 13

"কার্য তার উপাদান কারণে অব্যক্ত অবস্থায় সৎ ।" — এই মতটির পারিভাষিক নাম কি ? এই মতের স্বপক্ষে যুক্তিগুলি কি কি ?

10. Discuss the seven-fold objections of Ramanuja against Śankara doctrine of Māya. 15

শঙ্করের মায়াবাদের বিরুদ্ধে রামানুজের সপ্তধা অনুপপত্তি আলোচনা করুন ।

VIDYALAYA LIBRARY